

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৫৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - আবু বাকর সিদ্দীক ও 'উমার ফার্রুক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَابِ مَنَاقِبِ أَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا)

## আরবী

متفق عليه ، رواه البخارى (3677) و مسلم (14 / 2389)، (6187) ـ مُتَّفق عَلَيْهِ)

#### বাংলা

৬০৫৭-[২] ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার (রাঃ)-কে তাঁর খাটে (মৃত) রাখা অবস্থায় যারা তার জন্য আল্লাহর কাছে দুআ করছিলেন, আমিও তাদের মাঝে দাঁড়িয়ে ছিলাম। এমন সময় আমার পিছন হতে একজন লোক তার কনুই আমার কাঁধের উপর রেখে বলতে লাগলেন, আল্লাহ আপনার ওপর রহম করুন। অবশ্যই আমি এই আকাক্ষা করি যে, আল্লাহ তা'আলা আপনাকে আপনার দুই সাথির সাথেই রাখবেন। কেননা আমি রাস্লুল্লাহ (সা.)-কে প্রায়ই এরূপ বলতে শুনতাম, আমি, আবূ বকর এবং 'উমার ছিলাম। আমি, আবূ বকর এবং 'উমার অমুক কাজ করেছি এবং আমি, আবূ বকর এবং 'উমার অমুক কাজ করেছি এবং আমি, আবূ বকর ও 'উমার চললাম। আমি, আবূ বকর এবং 'উমার অমুক জায়গায় প্রবেশ করেছি। আমি, আবূ বকর এবং 'উমার (অমুক স্থান হতে) বের হয়েছি। তখন আমি পিছনে তাকিয়ে দেখি, তিনি হলেন 'আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)। (বুখারী ও মুসলিম)



# ফুটনোট

সহীহ: বুখারী ৩৬৭৭, মুসলিম ১৪-(২৩৮৯), মুসনাদে আহমাদ ৮৯৮, ইবনু মাজাহ ৯৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (الله مَعْ صَاحِبَيْكُ) ইমাম সুয়ূত্বী (রহিমাহুল্লাহ) বলেন, আল্লাহ আপনাকে আপনার দুই সাথি নবী (সা.) ও আবূ বাকর-এর সঙ্গী করুন কবরের জগতে অথবা জান্নাতে। 'আল্লামাহ্ ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন, পুণ্যশীলতার জগতে আল্লাহ আপনাকে তাদের অন্তর্ভুক্ত করুন। (السَائرِير) উমার (রাঃ)-কে তারা বেস্টন করে রেখেছিল। আর এখানে (السَائرِير) দ্বারা উদ্দেশ্য হলো লাশ বা মৃতদেহ যখন গোসলের জন্য খাটনিতে রাখা হয়েছিলেন। (মিরক্বাতুল মাফাতীহ)। ইমাম নবাবী (রহিমাহুল্লাহ) বলেন, আলোচ্য হাদীসে আবূ বাকর ও 'উমার (রাঃ)-এর মর্যাদা বর্ণিত হয়েছে এবং উভয়ের সুন্দর গুণাবলি বর্ণিত হয়েছে এবং 'উমার (রাঃ)-এর প্রতি যে ধারণা করতেন তার মৃত্যুর পূর্বে তা সত্য প্রমাণিত হয়েছে। (শারহুন নাবাবী হা. ১৫/২৩৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন